ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০৪.২৪** নথির বিষয়: Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA
নোট: ১ নোটের বিষয়: **Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৪/২৪ ৮:৫৭ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডর বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্স জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগটি শ্যামপুর শিল্প এলাকা সংলগ্ন হওয়ায় প্রায়শই পুরো এলাকা কল-কারখানার মারাত্মক বিষাক্ত ধোয়ায় কুয়াশাচ্ছন্ন হয়ে পড়ে এবং এলাকাটিতে চরম গরমের আবহাওয়া বিরাজ করছে। চলমান গ্রীষ্ম মৌসুমের তাপ প্রবাহে অত্র অফিসে দাপ্তরিক কাজ করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। তীব্র তাপদাহ হতে আপাততঃ রক্ষা পেতে বর্তমানে ৩টি ওয়াল ফ্যান ও ২টি প্যাডেস্টাল ফ্যান সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৪/২৪ ৮:৫৮ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে "Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA" শীর্ষক সংগ্রহ কাজের জন্য পিডব্লিউডি-২০২২ (সংশোধিত) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-২) প্রস্তুত করা হ'ল। যাতে প্রাক্কলিত মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৩৫১.০০৫ (চব্বিশ হাজার তিন শত একান্ন দশমিক শুন্য শুন্য পাঁচ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের (সংযুক্তি-১, ক্রমিক নং-৫০, প্যাকেজ-এফ) আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে। DoFP অনুয়ায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):
১। এপিপি কপি.
২। প্রাক্কলন.
৩। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৪/২৪ ৮:৫৮ পূর্বাহ্ন

এমতাবস্থায়, "Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA" শীর্ষক সংগ্রহ কাজের জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে:

ক) উপস্থাপিত সর্বমোট ২৪,৩৫১.০০৫ (চব্বিশ হাজার তিন শত একান্ন দশমিক শুন্য শুন্য পাঁচ) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন ও

খ) বর্ণিত কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

২৪/৪/২৪ ৯:০৫ পূর্বাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	২৪/৪/২৪ ১২:০০ অপরাহ্ন মোঃ ফটিক চাঁদ মিয়া সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	২৪/৪/২৪ ১:৩৬ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২৪/৪/২৪ ১:৩৯ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল
			~~২৪/৪/২৪ ১:৩৯ অপরাহ্ন~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৪/৪/২৪ ১০:৪৮ অপরাহ্ন

Please speak

২৪/৪/২৪ ১০:৪৯ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২৫/৪/২৪ ১২:০১ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	~~২৫/৪/২৪ ১২:০১ অপরাহ্ন~~ ~~মোঃ ছরোয়ার হোসেন খান~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~ভান্ডার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৮/৪/২৪ ২:২৪ অপরাহ্ন

উপরোক্ত নির্দেশ মোতাবেক (অনুচ্ছেদ-১.৩) আলোচনা পূর্বক জানানো যাচ্ছে যে, "Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের প্রাক্কলনটি PWD-2022 সালের রেট সিডিউল অনুসরণে প্রণয়ন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৮/৪/২৪ ৩:১০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি নগদে ক্রয়ের লক্ষ্যে "Procurement of Wall Bracket Fan and Pedestal Fan for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের প্রাক্কলিত ব্যয় বাবদ ২৪,৩৫১.০০৫ (চব্বিশ হাজার তিন শত একান্ন দশমিক শুন্য শুন্য পাঁচ) টাকা মাত্র সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল। DoFP অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

২৮/৪/২৪ ৩:১৭ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২৯/৪/২৪ ১:১৪ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	~~২৯/৪/২৪ ১:১৪ অপরাহ্ন~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২৯/৪/২৪ ৫:৪৭ অপরাহ্ন

Okay

৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০৪.২৪-১-২০২৪০৪৩০_১৮৩১৫৭

ঢাকা ওয়াসা

২৯/৪/২৪ ৫:৪৮ অপরাহ্ন	৩০/৪/২৪ ১১:২৯ পূর্বাহ্ন	৩০/৪/২৪ ২:১৭ অপরাহ্ন	৩০/৪/২৪ ২:১৭ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ